গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ
দক্ষিণ সুরমা, সিলেট।
www.dakshinsurma.syhet.gov.bd

## অক্টোবর/২০২৪ মাসের দক্ষিণ সুরমা উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণীঃ

| | |
|---|---|
| তারিখ ও সময় | : ৩০/১০/২০২৪, সকাল ১২:০০ ঘটিকা |
| স্থান | : উপজেলা পরিষদের সভা কক্ষ |
| উপস্থিত ও অনুপস্থিতি | : পরিশিষ্ট "ক" |
| সভাপতি | : ঊর্মি রায়, প্রশাসক, উপজেলা পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট। |

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর সেপ্টেম্বর/২০২৪ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয়।

গত সভার কার্যবিবরণীতে কোন আপত্তি/সংশোধনী না থাকায় কার্যবিবরণীটি সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

০১। স্থানীয় সরকার বিভাগ (ইউনিয়ন পরিষদ): সেপ্টেম্বর/২০২৪ মাসের মাসিক সভার কার্যবিবরণী সকল ইউ/পি হতে পাওয়া গেছে।

সিদ্ধান্ত : যথাযথভাবে নোটিশ দিয়ে মাসে অন্ততঃ একবার সাধারণ সভা করে সভার কার্যবিবরণী চৌদ্দ দিনের মধ্যে উপজেলা নির্বাহী অফিসার এবং জেলা প্রশাসকের নিকট প্রেরণ করার জন্য সকল ইউনিয়ন চেয়ারম্যানকে অনুরোধ করা হয়।

বাস্তবায়নে : ইউনিয়ন চেয়ারম্যান (সকল), দক্ষিণ সুরমা, সিলেট।

০২। প্রকৌশল বিভাগ (এলজিইডি): উপজেলা প্রকৌশলী তাঁর বিভাগীয় কার্যক্রমের তথ্যাদি নিয়ে উপস্থাপন করেন।

প্রস্তাব-১: উপজেলা প্রকৌশলী সভায় জানান যে,

(ক) উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়ের জন্য ০২টি সিলিং ফ্যান ক্রয় বাবদ ৯,০০০/- (নয় হাজার) টাকা প্রয়োজন।

(খ) উপজেলা পরিষদের ডেস্কটপ কম্পিউটার মেরামত বাবদ ২০,০০০/- (বিশ হাজার) টাকা প্রয়োজন।

(গ) উপজেলা পরিষদের গেজেটেড কোয়ার্টারের ৩য় তলার (পূর্ব পাশ) সংস্কার বাবদ ১,৩৫,০০০/- (এক লক্ষ পঁয়ত্রিশ হাজার) টাকার প্রাক্কলন প্রস্তাব করা হয়।

(ঘ) উপজেলা পরিষদের ২০৪ নং কক্ষ রং করণ বাবদ ২০,০০০/- (বিশ হাজার) টাকা এবং লাইটিং মেরামত/সংযোগ বাবদ ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা প্রয়োজন।

(ঙ) উপজেলা পরিষদের ২০৫ নং কক্ষের জন্য সোফা সেট (২+২) ক্রয় বাবদ ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা এবং আসবাবপত্র মেরামত বাবদ ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা প্রয়োজন।

(চ) উপজেলা নির্বাহী অফিসারের বাংলোর গার্ড রুম মেরামত এবং গ্যারেজের সামনের সাইড রংকরণ বাবদ ২০,০০০/- (বিশ হাজার) টাকা প্রয়োজন।

(ছ) নন গেজেটেড কোয়ার্টারের বিদ্যুৎ এর মেইন সুইচ বক্স, ক্যাবল ক্রয় এবং সংযোগ বাবদ ২০,০০০/- (বিশ হাজার) টাকা প্রয়োজন।

(জ) উপজেলা পরিষদ প্রশাসনিক ভবনে ৬টি পানি বিশুদ্ধকরণ ফিল্টার স্থাপন বাবদ ১,২০,০০০/- (এক লক্ষ বিশ হাজার) টাকা প্রয়োজন।

(ঝ) শহীদ বুদ্ধিজীবী মুক্তিযোদ্ধা মোহাম্মদ আব্দুল মুক্তাদির মিলনায়তন রংকরণ বাবদ ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকার প্রাক্কলন উপস্থাপন করা হয়।

(ঞ) উপজেলা পরিষদের চারপাশ পরিস্কার পরিচ্ছন্নতা বাবদ ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা প্রয়োজন।

(ট) সেপ্টেম্বর/২০২৪ মাসের মাসিক সভার কার্যবিবরণীতে রীট পিটিশন নম্বর ৯১৪৩/২০২৪ (বিবাদী- চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও সংশ্লিষ্ট সকল) এর মামলা পরিচালনা ব্যয় বাবদ ২০,০০০/- টাকা উত্তোলনের অনুমতি প্রদানের জন্য স্থানীয় সরকার বিভাগে পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়েছিল। উল্লেখ্য যে উপজেলা রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকার অনুচ্ছেদ নং-৩ এর (ড) অনুযায়ী উক্ত খাতে ব্যয় নির্বাহের জন্য উপজেলা পরিষদের সিদ্ধান্ত নিতে হবে। সেক্ষেত্রে স্থানীয় সরকার বিভাগের অনুমতির প্রয়োজনের বিষয়ে উল্লেখ নেই।

(ঠ) উপজেলা পরিষদের পানির পাম্প রক্ষণাবেক্ষণ/মেরামত বাবদ ২০,০০০/- (বিশ হাজার) টাকা প্রয়োজন।

(ড) উপজেলা পরিষদের মিটার নম্বর ২০৫০, ২২০০, ২৮০০, ৩০০০, ৩০৪০ এবং ৩১০০ পরিবর্তনের জন্য পল্লী বিদ্যুৎ সমিতির অনুকূলে মিটার প্রতি ৫০০ টাকা করে মোট=৫০০x৬=৩,০০০/- (তিন হাজার) টাকা জমা দেয়ার প্রস্তাব করেন।

<u>সিদ্ধান্ত-১</u>: (ক) উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়ের জন্য ০২টি সিলিং ফ্যান ক্রয় বাবদ ৯,০০০/- (নয় হাজার) টাকা রাজস্ব তহবিলের উপজেলা পরিষদ ভবন ও বাসাবাড়ি মেরামত/সংরক্ষণ/ রংকরণ খাত হতে ব্যয় মিটানোর জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। (খ) উপজেলা পরিষদের ডেস্কটপ কম্পিউটার মেরামত বাবদ ২০,০০০/- (বিশ হাজার) টাকা রাজস্ব তহবিলের অফিস সরঞ্জামাদি রক্ষণাবেক্ষণ/মেরামত খাত হতে ব্যয় মিটানোর জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

(গ) উপজেলা পরিষদের গেজেটেড কোয়ার্টারের ৩য় তলার (পূর্ব পাশ) সংস্কার বাবদ ১,৩৫,০০০/- (এক লক্ষ পঁয়ত্রিশ হাজার) টাকার প্রাক্কলন রাজস্ব তহবিলের উপজেলা পরিষদ ভবন ও বাসাবাড়ি মেরামত/সংরক্ষণ/রংকরণ খাত হতে ব্যয় মিটানোর জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

(ঘ) উপজেলা পরিষদের ২০৪ নং কক্ষ রং করণ বাবদ ২০,০০০/- (বিশ হাজার) টাকা এবং লাইটিং মেরামত/সংযোগ বাবদ ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা রাজস্ব তহবিলের উপজেলা পরিষদ ভবন ও বাসাবাড়ি মেরামত/সংরক্ষণ/ রংকরণ খাত হতে ব্যয় মিটানোর জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

(ঙ) উপজেলা পরিষদের ২০৫ নং কক্ষের জন্য সোফা সেট (২+২) ক্রয় বাবদ ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা এবং আসবাবপত্র মেরামত বাবদ ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা রাজস্ব তহবিলের আসবাবপত্র সংগ্রহ/মেরামত খাত হতে ব্যয় মিটানোর জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

(চ) উপজেলা নির্বাহী অফিসারের বাংলোর গার্ড রুম মেরামত এবং গ্যারেজের সামনের সাইড রংকরণ বাবদ ২০,০০০/- (বিশ হাজার) টাকা রাজস্ব তহবিলের উপজেলা পরিষদ ভবন ও বাসাবাড়ি মেরামত/সংরক্ষণ/ রংকরণ খাত হতে ব্যয় মিটানোর জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

(ছ) নন নন গেজেটেড কোয়ার্টারের বিদ্যুৎ এর মেইন সুইচ বক্স, ক্যাবল ক্রয় এবং সংযোগ বাবদ ২০,০০০/- (বিশ হাজার) টাকা রাজস্ব তহবিলের উপজেলা পরিষদ ভবন ও বাসাবাড়ি মেরামত/সংরক্ষণ/ রংকরণ খাত হতে ব্যয় মিটানোর জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

(জ) উপজেলা পরিষদ প্রশাসনিক ভবনে ৬টি পানি বিশুদ্ধকরণ ফিল্টার স্থাপন বাবদ ১,২০,০০০/- (এক লক্ষ বিশ হাজার) টাকা রাজস্ব তহবিলের উপজেলা পরিষদ ভবন ও বাসাবাড়ি মেরামত/সংরক্ষণ/ রংকরণ খাত হতে ব্যয় মিটানোর জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

(ঝ) শহীদ বুদ্ধিজীবী মুক্তিযোদ্ধা মোহাম্মদ আব্দুল মুকতাদির মিলনায়তন রংকরণ বাবদ ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকার প্রাক্কলন অনুমোদন করা হয় এবং রাজস্ব তহবিলের উপজেলা পরিষদ ভবন ও বাসাবাড়ি মেরামত/সংরক্ষণ/ রংকরণ খাত হতে ব্যয় মিটানোর জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

(ঞ) উপজেলা পরিষদের চারপাশ পরিষ্কার পরিচ্ছন্নতা বাবদ ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা রাজস্ব তহবিলের বর্জ্য ব্যবস্থাপনা/পরিষ্কার পরিচ্ছন্নতা খাত হতে ব্যয় মিটানোর জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

(ট) রীট পিটিশন নম্বর ১১৪৩/২০২৪ (বিবাদী- চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও সংশ্লিষ্ট সকল) এর মামলা পরিচালনা ব্যয় বাবদ ২০,০০০/- টাকা রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকার অনুচ্ছেদ নং-৩ এর (ড) অনুযায়ী উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ব্যয় নির্বাহের সর্ব সম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

(ঠ) উপজেলা পরিষদের পানির পাম্প রক্ষণাবেক্ষণ/মেরামত বাবদ ২০,০০০/- (বিশ হাজার) টাকা রাজস্ব তহবিলের পানির পাম্প রক্ষণাবেক্ষণ/মেরামত খাত হতে ব্যয় নির্বাহের জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

(ড) উপজেলা পরিষদের মিটার নম্বর ২০৫০, ২২০০, ২৮০০, ৩০০০, ৩০৪০ এবং ৩১০০ পরিবর্তনের জন্য পল্লী বিদ্যুৎ সমিতির অনুকূলে মিটার প্রতি ৫০০ টাকা করে মোট=৫০০x৬=৩,০০০/- (তিন হাজার) টাকা রাজস্ব তহবিলের বিদ্যুৎ/টেলিফোন বিল, ভূমি উন্নয়ন কর, ইন্টারনেট বিল ইত্যাদি পরিশোধ খাত হতে ব্যয় নির্বাহের জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

<u>বাস্তবায়নে</u>: উপজেলা প্রকৌশলী, দক্ষিণ সুরমা, সিলেট।

<u>প্রস্তাব-২</u>: উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, এডিপি ২০২৪-২০২৫ অর্থবছরে ১ম কিস্তি বাবদ ২৩.৪০ লক্ষ টাকা বরাদ্দ পাওয়া গিয়েছে। প্রকল্প বাস্তবায়নের নিমিত্ত খাতওয়ারী প্রকল্প তালিকা দাখিলের জন্য সংশ্লিষ্ট সকল দপ্তর প্রধান ও ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ করা হয়।

<u>সিদ্ধান্ত-২</u>: খাতওয়ারী প্রকল্প তালিকা দাখিলের জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

<u>বাস্তবায়নে</u>: সংশ্লিষ্ট সকল দপ্তর প্রধান ও ইউপি চেয়ারম্যানগণ, দক্ষিণ সুরমা, সিলেট।

প্রস্তাব-৩: উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, উপজেলা পরিষদের অভ্যন্তরে একটি অর্ধসমাপ্ত ভবনকে ব্যবহারযোগ্য করে সোনালী ব্যাংক পিএলসি এর একটি উপশাখা পরিচালনার নিমিত্ত ভাড়া দেয়ার জন্য ৩০,০৪,১৯৫/- (ত্রিশ লক্ষ চার হাজার একশত পঁচানব্বই) টাকার প্রাক্কলন উপস্থাপন করা হয়। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।

সিদ্ধান্ত-৩: অর্ধসমাপ্ত ভবনকে ব্যবহারযোগ্য করার নিমিত্ত ৩০,০৪,১৯৫/- (ত্রিশ লক্ষ চার হাজার একশত পঁচানব্বই) টাকার প্রাক্কলন অনুমোদনের জন্য স্থানীয় সরকার বিভাগে পত্র প্রেরণের জন্য সর্ব সম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

বাস্তবায়নে: উপজেলা প্রকৌশলী, দক্ষিণ সুরমা, সিলেট।

০৩। **প্রকল্প বাস্তবায়ন বিভাগ** : উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান যে, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।

০৪। **স্বাস্থ্য বিভাগ** : উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান যে, জরায়ুমুখ ক্যান্সার প্রতিরোধের জন্য গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের উদ্যোগে এইচপিভি টিকা বিনামূল্যে প্রদান কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন হয়েছে।

০৫। **পরিবার পরিকল্পনা বিভাগ** : ভারপ্রাপ্ত উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান যে, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।

০৬। **কৃষি বিভাগ** : অনুপস্থিত।

০৭। **প্রাণি সম্পদ বিভাগ** : উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান যে, সারাদেশের মত দক্ষিণ সুরমা উপজেলায় ছাগলের পিপিআর টিকা প্রদান কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন হয়েছে।

০৮। **মৎস্য বিভাগ** : উপজেলা মৎস্য কর্মকর্তা জানান যে, তার দপ্তরের দুইটি সিলিং ফ্যান নষ্ট। উপজেলা পরিষদ থেকে দুইটি সিলিং ফ্যান বরাদ্দ দেয়ার জন্য তিনি সভাপতি মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন।

০৯। **শিক্ষা বিভাগ** : উপজেলা শিক্ষা অফিসার জানান যে, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।

১০। **মাধ্যমিক শিক্ষা বিভাগ**: উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার জানান যে, ২০২৪ সালের এইচ এস সি ও আলীম পরীক্ষার ফলাফল প্রকাশিত হয়েছে। এইচ এস সি পরীক্ষায় দক্ষিণ সুরমা উপজেলায় পাশের হার ৮৫.৭৩% এবং আলীম পরীক্ষায় পাশের হার ৯৩.১৪%। দক্ষিণ সুরমা সরকারি কলেজে সর্বোচ্চ ৬১জন শিক্ষার্থী জিপিএ-৫ পেয়েছে। তুরুকখলা বালিকা ইসলামিয়া আলিম মাদ্রাসায় সর্বোচ্চ ০৪জন শিক্ষার্থী জিপিএ-৫ পেয়েছে।

১১। **সমাজসেবা বিভাগ**: উপজেলা সমাজসেবা অফিসার জানান যে, বিভিন্ন ভাতার ১ম কিস্তির বরাদ্দ দেয়া হয়েছে। অনলাইনে নতুন প্রতিবন্ধী রেজিস্ট্রেশন কার্যক্রম ১৫ নভেম্বর পর্যন্ত চলমান থাকবে।

১২। **সমবায় বিভাগ**: উপজেলা সমবায় অফিসার জানান যে, ০২ নভেম্বর জাতীয় সমবায় দিবস পালন করা হবে। উক্ত দিবসে সকলের সানুগ্রহ উপস্থিতি কামনা করেন।

১৩। **মহিলা বিষয়ক বিভাগ** : উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান যে, মা ও শিশু সহায়তা কর্মসূচির আওতায় প্রতি মাসে ইউনিয়ন প্রতি ০৯জন করে ভাতাভোগী নির্বাচন করা হয়। বিভিন্ন ক্ষেত্রে সফল নারীদের তথ্য দিয়ে সহায়তা করার জন্য তিনি সকলের দৃষ্টি আকর্ষণ করেন।

১৪। **জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ** : সহকারী প্রকৌশলী জানান যে, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।

১৫। **পল্লী উন্নয়ন বিভাগ** : অনুপস্থিত।

১৬। **যুব উন্নয়ন বিভাগ** : উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জানান যে, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।

১৭। **ইউজিডিপি বিভাগ** : উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর জানান যে, প্রত্যেক ইউনিয়নে পঞ্চবার্ষিক পরিকল্পনা ও বার্ষিক পরিকল্পনা গ্রহণ করা হয়। উক্ত পরিকল্পনার সফট ও হার্ড কপি দ্রুত উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের কার্যালয়ে প্রেরণের জন্য তিনি সকল ইউনিয়ন চেয়ারম্যানকে অনুরোধ করেন।

১৮। **বিবিধ** : **গ্রাম পুলিশের আনুতোষিক ভাতা সংক্রান্ত** : চেয়ারম্যান, দাউদপুর ইউপি সভায় জানান যে, দাউদপুর ইউনিয়ন পরিষদের মহল্লাদার জনাব রুমেল আহমদ ২৫ বছরেরও অধিককাল স্বপদে সুনামের সাথে চাকুরী করেন। তিনি বিগত ১৬/০৯/২০২৪ তারিখ চাকুরীরত অবস্থায় মৃত্যুবরণ করেন। মরহুম রুমেল আহমদ এর স্ত্রী লাকমা বেগম এর আবেদনের প্রেক্ষিতে ইউনিয়ন

পরিষদের সেপ্টেম্বর ২০২৪ তারিখের মাসিক সভায় মরহুম রুমেল আহমদ এর স্ত্রী লছমা বেগমকে আনুতোষিক ভাতা ক্যা একককালীন ৫০,০০০/- টাকা (ইউপি অংশ ২৫,০০০ টাকা ও সরকারি অংশ ২৫,০০০ টাকা) প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। ইউপি অংশের ৫০% অর্থ বাবদ ২৫,০০০/- টাকা স্থাবর সম্পত্তি হস্তান্তর কর ১% খাত হতে পরিশোধের জন্য ও সরকারি অংশ ২৫,০০০/- টাকা পরিশোধের বিষয়ে পত্র প্রেরণের জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানিয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। তিনি বিষয়টি সভায় উপস্থাপন করেন।

সিদ্ধান্ত: দাউদপুর ইউনিয়ন পরিষদের মহল্লাদার মরহুম রুমেল আহমদ এর স্ত্রী লছমা বেগম এর আবেদনের প্রেক্ষিতে ও দাউদপুর ইউনিয়ন পরিষদের সেপ্টেম্বর ২০২৪ মাসের সভার সিদ্ধান্তের আলোকে মরহুম রুমেল আহমদ এর স্ত্রী লছমা বেগমকে আনুতোষিক ভাতা বাবদ একককালীন ৫০,০০০/- টাকা (ইউপি অংশ ২৫,০০০ টাকা ও সরকারি অংশ ২৫,০০০ টাকা) প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। ইউপি অংশের ৫০% অর্থ বাবদ ২৫,০০০/- টাকা স্থাবর সম্পত্তি হস্তান্তর কর ১% খাত হতে পরিশোধের জন্য ও সরকারি অংশ ২৫,০০০/- টাকা পরিশোধের বিষয়ে জেলা প্রশাসক, সিলেট মহোদয় বরাবর পত্র প্রেরণের জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানিয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

বাস্তবায়নে: উপজেলা নির্বাহী অফিসার, দক্ষিণ সুরমা, সিলেট।

**সভাপতি মহোদয়ের সমাপনী বক্তব্য :** উর্মি রায়, প্রশাসক, উপজেলা পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট অদ্যকার সভায় উপস্থিত থাকার জন্য ইউ/পি চেয়ারম্যানগণ এবং সকল বিভাগীয় কর্মকর্তাদের ধন্যবাদ জ্ঞাপন করেন। পর্যায়ক্রমে প্রত্যেক দপ্তরের গত মাসের কার্যক্রম ও অগ্রগতি সম্পর্কে খোঁজ-খবর নেন। তিনি বলেন প্রত্যেকটা বাজারে দৃশ্যমান স্থানে মূল্য তালিকা টাঙিয়ে রাখতে হবে। তিনি চলতি অর্থবছরে খাতওয়ারী প্রকল্প তালিকা দাখিলের জন্য পুনরায় সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন।

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

০৭/১০/২৪

উর্মি রায়
প্রশাসক
উপজেলা পরিষদ
দক্ষিণ সুরমা, সিলেট।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
দক্ষিণ সুরমা, সিলেট।

স্মারক নং- ০৫.৪৬.৯১৩১.০০০.৪০.০১২.২৪.৮৭০/১ তারিখঃ ৩০ অক্টোবর, ২০২৪

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। বিভাগীয় কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
৩। পরিচালক, স্থানীয় সরকার, সিলেট বিভাগ, সিলেট।
৪। জেলা প্রশাসক, সিলেট।
৫। প্রশাসক, উপজেলা পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট।
৬। নির্বাহী প্রকৌশলী ..................................................................................................সিলেট।
৭। উপ-পরিচালক ......................................................................................................সিলেট।
৮। উপজেলা .........................................................................কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট।
৯। সহকারী প্রোগ্রামার, দক্ষিণ সুরমা, সিলেট (পরিষদের মাসিক সভার কার্যবিবরণী ওয়েব পোর্টালে আপলোড করার জন্য অনুরোধ করা হলো)
১০। চেয়ারম্যান ...........................................................ইউ/পি (সকল), দক্ষিণ সুরমা, সিলেট।
১১। জনাব/বেগম.................................. সদস্য...........................ইউ/পি (সকল), দক্ষিণ সুরমা, সিলেট।

৩০/১০/২৪
ঊর্মি রায়
উপজেলা নির্বাহী অফিসার
দক্ষিণ সুরমা, সিলেট।
ফোন: ০২৯৯৬৬৪৬৯১৩

পরিশিষ্ট ক সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা: স্বাক্ষরের ক্রমানুসারে

| উপস্থিত জনপ্রতিনিধিঃ | অনুপস্থিত জনপ্রতিনিধিঃ |
|---|---|
| ১। চেয়ারম্যান, ০১নং মোল্লারগাঁও ইউনিয়ন পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট<br>২। চেয়ারম্যান (ভারপ্রাপ্ত), ৮নং মোগলাবাজার ইউনিয়ন পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট<br>৩। চেয়ারম্যান (ভারপ্রাপ্ত), ৯নং দাউদপুর ইউনিয়ন পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট | ১। চেয়ারম্যান, ৩নং তেতলী ইউনিয়ন পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট<br>২। চেয়ারম্যান, ৫নং সিলাম ইউনিয়ন পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট<br>৩। চেয়ারম্যান, ৬নং লালাবাজার ইউনিয়ন পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট<br>৪। চেয়ারম্যান, ৭নং জালালপুর ইউনিয়ন পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট<br>৫। চেয়ারম্যান, ১০ নং কামালবাজার ইউনিয়ন পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট |
| ১। উপজেলা নির্বাহী অফিসার, দক্ষিণ সুরমা, সিলেট<br>২। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট<br>৩। উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট<br>৪। উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট<br>৫। উপজেলা মৎস্য কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট<br>৬। উপজেলা প্রকৌশলী, দক্ষিণ সুরমা,সিলেট<br>৭। উপজেলা শিক্ষা অফিসার, দক্ষিণ সুরমা,সিলেট<br>৮। উপজেলা সমাজসেবা অফিসার, দক্ষিণ সুরমা, সিলেট<br>৯। উপজেলা সমবায় অফিসার, দক্ষিণ সুরমা, সিলেট<br>১০। উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট<br>১১। সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), দক্ষিণ সুরমা, সিলেট<br>১২। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট<br>১৩। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট<br>১৪। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট<br>১৫। ইউডিএফ, ইউজিডিপি, দক্ষিণ সুরমা, সিলেট | ১। উপজেলা কৃষি অফিসার, দক্ষিণ সুরমা, সিলেট<br>২। উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, দক্ষিণ সুরমা ,সিলেট |